মেহেরপুরে মহিলা আওয়ামীলীগের উদ্যোগে শোক দিবস পালন

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুর মহিলা আওয়ামী লীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর কোট সড়কে এই আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও সদর উপজেলা উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামীলীগের সদস্য মোফিজুর রহমান, কামরুল হাসান চান্দু, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, বঙ্গবন্ধু পেশাজীবি পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি রেহানা মান্নান, মহিলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সফুরা খাতুন প্রমুখ। পরে দোয়া অনুষ্ঠিত হয়।